

💵 আত্ তারগীব ওয়াত্ তারহীব

হাদিস নাম্বারঃ ৮৭

৩. ইলম বা বিদ্যা (کتاب العلم)

পরিচ্ছেদঃ ২) জ্ঞানার্জনের উদ্দেশ্যে ভ্রমণ করার প্রতি উদ্বুদ্ধকরণ

الترغيب في الرحلة في طلب العلم

আরবী

(صحيح) وروي عَنْ أَبِيْ هُرَيْرَةَ رَضِيَ اللَّهُ عَنْهُ قَالَ سَمِعْتُ رَسُوْلَ اللهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ يَقُولُ مَنْ جَاءَ مَسْجِدِي هَذَا لَمْ يَأْتِهِ إِلَّا لِخَيْرٍ يَتَعَلَّمُهُ أَنْ يُعَلِّمُهُ فَهُوَ بِمَنْزِلَةِ المُجَاهِدِيْنَ فِي سَبِيلِ اللَّهِ وَمَنْ جَاءَ لِغَيْرِ ذَلِكَ فَهُوَ بِمَنْزِلَةِ الرَّجُلِ يَنْظُرُ إِلَى مَتَاعٍ غَيْرِهِ. رواه ابن ماجه والبيهقي

বাংলা

৮৭. (সহীহ) আবু হুরায়রা (রাঃ) থেকে বর্ণিত হয়েছে, তিনি বলেনঃ আমি শুনেছি রাসূলুল্লাহ (সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম) বলেনঃ

"যে ব্যাক্তি আমার এই মসজিদে আসবে শুধুমাত্র কল্যাণ শিক্ষা করা বা শিক্ষাদানের উদ্দেশ্য, সে আল্লাহর পথে জিহাদকারীদের মর্যাদার অধিকারী হবে। আর যে ব্যাক্তি অন্য কোন উদ্দেশ্যে আগমণ করবে, সে এমন ব্যাক্তির ন্যায়, যে অন্যের সম্পদের দিকে চেয়ে থাকে।

(হাদীছটি বর্ণনা করেছেন ইবনু মাজাহ্ ২২৭, বায়হাকী ১৬৯৮ ও হাকেম)

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ ওয়াহীদিয়া ইসলামিয়া লাইব্রেরী 🛘 বর্ণনাকারীঃ আবূ হুরায়রা (রাঃ)

🙎 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন